# বাংলাদেশ কৃষি ব্যাংক

মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

dcamlco@krishibank.org.bd
Phone: ০২২২৩৩৮৪৪৮৬


**বিষয় ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিকেবি কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) এর ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, গাইড লাইনস, বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক ও বিকেবি'র কেন্দ্রীয় পরিপালন কমিটির নির্দেশনা পরিপালনের লক্ষ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভা ০৮-০২-২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় ব্যাংকের প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) এবং আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এর মহাব্যবস্থাপক জনাব আবু সাঈদ মোঃ রওশানুল হক মহোদয়ের সভাপতিত্বে সেমিনার রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নোক্ত নির্বাহী /সদস্যগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | নির্বাহী/কর্মকর্তাগনের নাম | পদবী ও কর্মস্থল | সিসিসি তে অবস্থান |
|---|---|---|---|
| ০১ | জনাব আবু সাঈদ মোঃ রওশানুল হক | মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) ও প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) | সভাপতি |
| ০২ | জনাব মোঃ জয়নাল আবেদীন | মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৩ | জনাব মোহাঃ খালেদুজ্জামান | মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৪ | জনাব মামুনুর রশীদ | মহাব্যবস্থাপক, আইসিটি মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৫ | জনাব এফ এম এ রহিম | উপমহাব্যবস্থাপক (মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ) ও উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO) | সদস্য সচিব |
| ০৬ | জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম | উপমহাব্যবস্থাপক , ক্রেডিট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৭ | জনাব মোঃ খোরশেদ আনোয়ার | উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৮ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | উপমহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ০৯ | জনাব আখিয়ারা খানম | উপমহাব্যবস্থাপক, ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১০ | জনাব খান তামজিদ আহমেদ | উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১১ | জনাব মোঃ নূরে আলম সিদ্দিকী | উপমহাব্যবস্থাপক, ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১২ | জনাব কে.এম. হাবিব-উন-নবী | উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১৩ | জনাব মোঃ ফরিদ হাসান | উপমহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১৪ | জনাব মোহাম্মদ এনামুল হক | উপমহাব্যবস্থাপক, ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১৫ | জনাব কে.এম. নূরুদ্দীন সারোয়ার | সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সিস্টেমস্ বিভাগ (দায়িত্বে), বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১৬ | জনাব জান্নাতআরা ফেরদৌস | সহকারী মহাব্যবস্থাপক, মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য |
| ১৭ | জনাব পিনাকী রঞ্জন দাস | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

সভার শুরুতে বাংলাদেশ কৃষি ব্যাংক কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সমসাময়িক বিষয়গুলোর উপর আলোকপাত করেন। পাশাপাশি বিএফআইইউ ও সংশ্লিষ্ট রেগুলেটরি প্রতিষ্ঠানের AML/CFT বিষয়ক নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।

পরবর্তীতে বিগত ৩১-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় পরিপালন কমিটির (CCC) ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সভায় আলোচ্যসূচি ভিত্তিক উপস্থাপিত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক সংযুক্তি মোতাবেক সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ।

আলোচ্য সূচি নং-১

**মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| "মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮" হালনাগাদকরণ। | বিকেবি, ৮২৮ তম পর্ষদ সভায় প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জন/পরিবর্ধন শেষে প্রণীত **"মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়েল-২০১৮"** এর খসড়া নিয়ে আলোচনা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী ত্রৈমাসিকের CCC সভায় উক্ত খসড়া ম্যানুয়েল চূড়ান্তকরণপূর্বক উপস্থাপন করতে হবে। | মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা। |

আলোচ্য সূচি নং-২

**BAMLCO অনুমোদন ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| শাখা পর্যায়ে মনোনীত BAMLCO অনুমোদন প্রদান। | বিএফআইইউ জারীকৃত সার্কুলার নং-২৬; তাং-১৬-০৬-২০২০ এ প্রদত্ত নির্দেশনা মোতাবেক শাখাসমূহ হতে মনোনীত (জুলাই-সেপ্টেম্বর/২৩ সময়ের) ৮৩৮ জন কর্মকর্তাগণকে যাচাইবাছাইপূর্বক সংশ্লিষ্ট শাখা'র শাখা মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) হিসেবে কেন্দ্রীয় পরিপালন কমিটি কর্তৃক কার্যোত্তর অনুমোদন প্রদান করা হয়। পাশাপাশি শাখাসমূহের BAMLCO মনোনয়ন হালনাগাদ রাখার বিষয়ে নিয়মিত তদারকি করতে হবে।<br>এছাড়া উপশাখা সমূহের ক্ষেত্রে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশ্লিষ্ট উপশাখার পাশাপাশি নিয়ন্ত্রণকারী শাখার মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (BAMLCO) কর্তৃক তদারকি করতে হবে। | মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা। |

আলোচ্য সূচি নং-৩

**গ্রাহকের মৌলিক তথ্য GoAML এ প্রেরণ ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ সংশোধন ও সংরক্ষণ এবং GoAML এর মাধ্যমে বিএফআইইউ-তে প্রেরণ। | বিএফআইইউ এর নির্দেশনা মোতাবেক ৬৯,৭২,৯১৬ জন নিয়মিত গ্রাহক এর মধ্যে ৫৭,৪৬,০৭৪ জন গ্রাহকের মৌলিক তথ্য GoAML এর মাধ্যমে বিএফআইইউ বরাবর প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট নিয়মিত গ্রাহকের তথ্য আইসিটি সিস্টেমস্ বিভাগ এর সহায়তায় দ্রুততম সময়ে BFIU বরাবর প্রেরণ করতে হবে। | আইসিটি সিস্টেমস বিভাগ/শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, প্রকা। |

আলোচ্য সূচি নং-৪

**AML/CFT প্রশিক্ষণ ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| AML/CFT বিষয়ক প্রশিক্ষণ। | (ক) বিএফআইইউ পরিদর্শন দলের সুপারিশ এবং BFIU এর সার্কুলার নং-২৬, তারিখঃ ১৬-০৬-২০২০ এর নির্দেশনা মোতাবেক পরিচালনা পর্ষদ/ সিসিসি এর সকল সদস্য/ উর্ধ্বতন নির্বাহী/ প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের নির্বাহী/ কর্মকর্তাকে পর্যায়ক্রমে AML-CFT বিষয়ক কার্যকর প্রশিক্ষণ প্রদানের জন্য সময়াবদ্ধ (১৩-০১-২০২৪ থেকে ১৬-০৩-২০২৪) পরিকল্পনা গ্রহণ করা হয়। সে অনুযায়ী নিম্নোক্ত বিষয় ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচী চলমান আছে-<br>i) Overview of AML-CFT<br>ii) CTR, STR & Self Assessment<br>iii) Credit Based Money Laundering<br>iv) Trade Based Money Laundering<br>v) AML-CFT issues in online transaction<br>উল্লেখ্য, আলোচ্য প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারীগণকে ডিজিটাল সার্টিফিকেট প্রদান এবং উক্ত প্রশিক্ষণ কার্যক্রম নির্দিষ্ট সময় অন্তর আয়োজন চলমান থাকবে।<br>(খ) AML-CFT বিষয়ক দক্ষতা অর্জনের জন্য এতদ্সংশ্লিষ্ট নির্বাহী/ কর্মকর্তাগণকে উক্ত বিষয়ে বিশেষায়িত কোর্সসমূহ সম্পাদনে সচেষ্ট থাকতে হবে। | মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি প্রকা/বিকেবি স্টাফ কলেজ। |

আলোচ্য সূচি নং-৫

**e-KYC ম্যানুয়েল ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| e-KYC ম্যানুয়েল হালনাগাদকরণ। | ব্যাংকের e-KYC Guidelines প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে, ব্যাংকের Mobile App দ্রুততম সময়ে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি প্রকা। |

আলোচ্য সূচি নং-৬

**CTR/ STR/ SAR ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| CTR/STR/SAR দাখিল। | CTR - Cash Transaction Report এর Automation কার্যক্রম দ্রুততম সময়ে সমাপ্ত করতে হবে। বিদ্যমান ব্যবস্থায় নিয়মিত CTR Posting চলমান থাকবে।<br>STR/SAR - লেনদেন মনিটরিং ও CTR Analysis এর মাধ্যমে STR/SAR সনাক্তকরণের পাশাপাশি Qualitative STR/SAR এর সংখ্যা বাড়াতে হবে। পাশাপাশি STR/SAR Automation করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ/ আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি প্রকা। |

আলোচ্য সূচি নং-৭

**কেন্দ্রীয় পরিপালন কমিটি'র সদস্যগণের দায়-দায়িত্ব ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| ব্যাংকের কেন্দ্রীয় পরিপালন কমিটি'র সদস্যগণের দায়-দায়িত্ব সুনির্দিষ্টভাবে বন্টন। | বিএফআইইউ সার্কুলার নং- ২৬, তারিখ ঃ ১৬-০৬-২০২০ এবং বিএফআইইউ কর্তৃক বিকেবি, প্রধান কার্যালয় এর ৩০-০৬-২০২৩ ভিত্তিক AML System Check পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ মোতাবেক বিকেবি কেন্দ্রীয় পরিপালন কমিটির সদস্যগণের দায়-দায়িত্ব দ্রুততার সাথে সুনির্দিষ্টভাবে বন্টন করতে হবে । | মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা। |

আলোচ্য সূচি নং-৮

**আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি'র কার্যক্রম পর্যালোচনা। | ক) মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, প্রকা কর্তৃক পত্র নং-২৭৭৩, তারিখ ঃ ১৭-০১-২০২৪ এর মাধ্যমে প্রেরিত নির্দেশনা মোতাবেক আঞ্চলিক পর্যায়ে গঠিত প্রতিটি আঞ্চলিক পরিবীক্ষন কমিটিকে আবশ্যিকভাবে প্রতি ত্রৈমাসিকে অনুষ্ঠিত সভা এবং শাখা পরিদর্শন রিপোর্ট প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ প্রেরণ করতে হবে।<br>খ) উক্ত পরিবীক্ষণ কমিটির কার্যক্রম AML-CFT বিভাগ কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে। | মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি প্রকা/ সকল আঞ্চলিক পরিবীক্ষণ কমিটি। |

আলোচ্য সূচি নং-৯

**AML Automation সফটওয়্যার প্রবর্তন ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| AML Automation সফটওয়্যার প্রবর্তন। | বিএফআইইউ কর্তৃক বিকেবি, প্রধান কার্যালয় এর ৩০-০৬-২০২৩ তারিখ ভিত্তিক AML System Check পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ অনুযায়ী Risk Based Approach, Risk Based Transaction Monitoring, TP পর্যালোচনা, CTR Reporting ও পর্যালোচনা, STR Identification ইত্যাদি কার্যক্রমের জন্য AML Automation সফটওয়্যার চালুর বিষয়টি তরান্বিত করতে হবে। | আইসিটি মহাবিভাগ, প্রকা। |

আলোচ্য সূচি নং-১০

**আন্তর্জাতিক বাণিজ্যের জন্য প্রয়োজনীয় On-line মনিটরিং ব্যবস্থা প্রবর্তন ঃ**

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যকরণ |
|---|---|---|
| বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে পণ্যমূল্য যাচাই, ক্রেডিট রিপোর্ট, Vessel & Container Tracking ইত্যাদির জন্য প্রয়োজনীয় On-line মনিটরিং ব্যবস্থা প্রবর্তন । | বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে পণ্যমূল্য যাচাই, Vessel & Container Tracking, TBML ভিত্তিক সন্দেহজনক লেনদেন পর্যালোচনা, সরবরাহকারী/ আমদানিকারকের ক্রেডিট রিপোর্ট ইত্যাদি যাচাই বাছাইয়ের নিমিত্ত প্রয়োজনীয় Software/ Digital ব্যবস্থা প্রচলনের উদ্যোগ নিতে হবে। | আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি প্রকা। |

পরিশেষে, **CCC** কমিটির সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণে সভাটি অত্যন্ত ফলপ্রসূ হয়েছে মর্মে মন্তব্য করেন। তিনি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩.০২.২০২৪

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)
মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ)
ও
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-৩০/সিসিসি/২০২৩-২০২৪/৩১০৮ তারিখ ঃ ১৩-০২-২০২৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

১৩/০২/২০২৪

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
(মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ)
ও
**(DCAMLCO)**